# রাষ্ট্রপতি নির্বাচনে মির্জা ফখরুলের মনোনয়নপত্র জমা



ছবি: সংগৃহীত

আগামী ২০ আগস্ট অনুষ্ঠিত হবে রাষ্ট্রপতি নির্বাচন। এ নির্বাচনে বিএনপির মনোনীত প্রার্থী মির্জা ফখরুল ইসলাম আলমগীরের পক্ষে মনোনয়নপত্র নির্বাচন কমিশনে দাখিল করা হয়েছে।

বৃহস্পতিবার (১৩ আগস্ট) দুপুর ২টা ২৩ মিনিটে নির্বাচন ভবনে গিয়ে বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান মনোনয়নপত্রটি জমা দেন। প্রধান নির্বাচন কমিশনার এএমএম নাসির উদ্দিনের কাছে তিনি প্রয়োজনীয় কাগজপত্র হস্তান্তর করেন।

মির্জা ফখরুলের মনোনয়নপত্রে প্রস্তাবক হিসেবে স্বাক্ষর করেছেন ড. আব্দুল মঈন খান। আর সমর্থক হিসেবে রয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায়।

এর আগে জামায়াতে ইসলামীর নেতৃত্বাধীন ১১ দলীয় জোটের প্রার্থী অলি আহমদের মনোনয়নপত্রও নির্বাচন কমিশনে দাখিল করা হয়। জোটের সমন্বয়ক ও জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ তার পক্ষে মনোনয়নপত্র জমা দেন।

LENS ASIA